

হয়বতপুর এনসিডিপি প্রায়ার্স মার্কেট “বাজার ব্যবস্থাপনা কমিটির” সভার কার্যবিবরণীঃ-

সভাপতি : মোহাম্মদ নায়িরুজ্জামান  
উপজেলা নির্বাহী কর্মকর্তা, সদর নাটোর।  
তারিখ : ২৩/০৩/২০১৬ খ্রিঃ।  
সময় : দুপুর ০৩.০০ ঘটিকা।  
স্থান : ইউএনও সদর নাটোরের অফিস কক্ষ।

সভায় উপস্থিত সদস্যবৃন্দ :- পরিশিষ্ট " ক "

সভাপতি উপস্থিত সদস্যবৃন্দকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। তিনি সদস্য সচিবকে আলোচ্য সূচী অনুযায়ী সভা পরিচালনার আহ্বান জানান। সদস্য সচিব ১৪২৩ বঙ্গাব্দে মার্কেটের মহিলা দোকান, স্থাপনা পুনঃবরাদ্দ/ভাড়া দেয়া, ভাড়ার হার নির্ধারণ, দ্রুতকর প্রত্যাহারসহ বিতরণকৃত রিক্লাভানের ভাড়া ওঠানো এবং মার্কেট সুষ্ঠুভাবে পরিচালনার জন্য বিভিন্ন দিক নিয়ে আলোচনা ও সিদ্ধান্ত নিতে সভাকে অনুরোধ জানান।

আলোচনা :-

সভাপতি মার্কেটের বর্তমান অবস্থা, মহিলা দোকান ও ওপেন স্পেসের মাসিক ভাড়ার হার জানতে চাইলে সদস্য সচিব বলেন বাজারটি সপ্তাহে দু’দিন বসে লোক সমাগম তেমন হয় না। মহিলা দোকান ৩টি, দু’টির মাসিক ভাড়া ১২০.০০ টাকা, ১টির ভাড়া ৬০.০০ টাকা, ওপেন স্পেস প্রতিটির ভাড়া ৬০.০০ টাকা নির্ধারিত রয়েছে। মহিলা দোকান ১টির ভাড়া পাওয়া যাচ্ছে অন্য দু’টির পাওয়া যায়নি। ওপেন স্পেস বরাদ্দ দেয়া সম্ভব হয়নি। শাক/সবজি ও মশলা জাতীয় কৃষি পণ্যের ক্ষুদ্র ব্যবসায়ীগণ মাসিক ভাড়া ও ইজারাদারের খাজনা দৈতভাবে পরিশোধ করে ব্যবসা করা তাদের পক্ষে সম্ভব নয় বিধায় তাঁরা মার্কেটের সেডে না বসে বাহিরে খোলা আকাশের নীচে বসেন। মহিলা দোকান ও স্পেস বরাদ্দ এবং ইজারাদারের খাজনা পরিশোধ সংক্রান্ত বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা হয়।

সিদ্ধান্ত :-

ভাড়া পরিশোধের জন্য নোটিশ দিতে হবে, মহিলা দোকানের পাওনা ভাড়া পরিশোধ সাপেক্ষে ১৪২৩ বঙ্গাব্দের জন্য নির্ধারিত ভাড়ায় পূর্ণঃরায় বরাদ্দ দিতে হবে। ভাড়া পরিশোধে ব্যর্থ হলে আগ্রহী ব্যবসায়ীকে ১লা বৈশাখ ১৪২৩ বঙ্গাব্দ হতে ১(এক) বছরের জন্য নতুন করে বরাদ্দ দিতে হবে। বরাদ্দ প্রাপ্ত ব্যবসায়ী হাট ইজারাদারকে দোকান/ঘরের খাজনা দেয়া থেকে অব্যহতি পাবেন এবং হাট বারে নিয়মিত দোকান খোলা রাখবেন বলে সভায় সর্ব সম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহীত হয়।

আলোচনাঃ-

সভায় উপস্থিত জনাব মোঃ আব্দুল কাইয়ুম দেওয়ান(চুন্নিয়া) বলেন মূল বাজার থেকে একটু দূরে লেট্টিন সংলগ্ন পশ্চিম পার্শ্বের সেডটি কোন কাজেই আসছেনা এভাবে পরে থাকলে অল্পদিনের মধ্যে পূর্ণঃরায় ফ্লোর নষ্ট হওয়াসহ সেডটি ক্ষতিগ্রস্ত হবে। সেডটি একক ভাবে ভাড়া দেয়া যাবে কিনা জানতে চাইলে উপস্থিত প্রতিনিধি এসএও জনাব মোঃ আব্দুল জলিল মুধা বলেন মার্কেট পরিচালনার স্বার্থে কেহ কৃষি পণ্যের ব্যবসা করার জন্য নিতে আগ্রহী হলে সেটি দেয়া যেতে পারে। সেডটির মাসিক ভাড়া সংক্রান্ত বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা হয়।

সিদ্ধান্ত :-

মাসিক ৩০০.০০(তিনশত)টাকা হারে ভাড়া প্রদান সাপেক্ষে জনাব মোঃ আনিছুর রহমান(লাবু)কে ১লা বৈশাখ ১৪২৩ বঙ্গাব্দ ১(এক) বছরের জন্য বরাদ্দ দেয়ার বিষয়ে সভায় সর্ব সম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহীত হয়।

আলোচনা :-

সভায় উপস্থিত জনাব মোঃ মকবুল হোসেন বলেন যাবতীয় পাওনাদি পরিশোধ থাকার পরেও বিদ্যুৎ বিভাগ মার্কেটে পূর্ণঃসংযোগ দিচ্ছেন না। জনাব আনিছুর রহমান বলেন সন্কার পরে মার্কেট এলাকা ভূতুরে পরিবেশের সৃষ্টি হয় এবস্ত্যায় সেখানে নিরাপত্তা জনিত কারণে মালামাল সংরক্ষণ করা ঝুঁকিপূর্ণ হবে। বিদ্যুৎ সংযোগ নেয়া সংক্রান্ত বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা হয়।

সিদ্ধান্ত :-

অফিসে যোগাযোগসহ বিদ্যুৎ সংযোগ সংক্রান্ত কাজ ত্বরান্বিত করার জন্য জনাব আনিছুর রহমানকে দায়িত্ব দেয়া হয়। মার্কেটে সংযোগকৃত বিদ্যুতের বিল বরাদ্দপ্রাপ্ত ব্যবসায়ীগণ সমন্বয়ের ভিত্তিতে পরিশোধ করবেন। সংযোগ সংক্রান্ত বিষয়ে সভাপতি মহোদয়ের সার্বিক সহযোগীতায় কাজটি সম্পন্ন করবেন বলে সভায় সর্ব সম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহীত হয়।